- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নিম্নবর্ণিত দুটি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে

(ক) '৬-দফা'র ঘোষণাস্থল চট্টগ্রামের লালদিঘী ময়দানে '৬-দফা'র অনুলিপি ও '৬-দফা' সংশ্লিষ্ট বিভিন্ন পোস্টারযুক্ত ছবিসহ একটি মুক্তমঞ্চ নির্মাণ এবং মাঠের চারপাশে বিদ্যমান সীমানা প্রাচীরে ব্রিটিশ বিরোধী আন্দোলন থেকে শুরু করে ১৯৫২ এর ভাষা আন্দোলন এবং ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ পর্যন্ত সংঘটিত উল্লেখযোগ্য রাজনৈতিক আন্দোলন-সংগ্রামের ছবিযুক্ত টেরাকোটা স্থাপন করা হয়েছে। একই সাথে ময়দানের চারদিকে সীমানা প্রাচীর ঘেঁষে ওয়াকওয়ে নির্মাণ করা হয়েছে।



৬-দফা মঞ্চ, লালদিঘী ময়দান, চট্টগ্রাম।



টেরাকোটা সম্বলিত সীমানা প্রাচীর, লালদিঘী ময়দান, চট্টগ্রাম।

(খ) চাঁদপুর সরকারি কলেজ ভবনের সম্মুখে বঙ্গবন্ধু স্মৃতিস্তম্ভ নির্মাণ করা হয়েছে



চাঁদপুর সরকারি কলেজ

- 'নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন' প্রকল্পের (মেয়াদ: জানুয়ারি ২০১৮-জুন ২০২৩) প্রাক্কলিত ব্যয় ১০ হাজার ৬৪৯ কোটি ৫ লক্ষ ২৮ হাজার টাকা। এ প্রকল্পের আওতায় প্রত্যন্ত অঞ্চলে চারতলা ভিত বিশিষ্ট চারতলা, শহর অঞ্চলে ছয়তলা ভিত বিশিষ্ট ছয়তলা, কোস্টাল ও হাওর অঞ্চলে নিচতলা ফাঁকা রেখে পাঁচতলা ভিত বিশিষ্ট পাঁচতলা একাডেমিক ভবন নির্মাণ করা হচ্ছে। এ প্রকল্পে আসবাবপত্র সরবরাহ, পয়ঃনিস্কাশন ও পানি সরবরাহ এবং বজ্রপাত নিরোধক ব্যবস্থা স্থাপনসহ বৈদ্যুতিক কাজ অর্ন্তভুক্ত রয়েছে। ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক টয়লেট ব্লক, বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য সহায়ক টয়লেট এবং র‍্যাম্প নির্মাণ করা হচ্ছে। জুন/২০২১ পর্যন্ত এ প্রকল্পে ৩৭৫টি ভবন শতভাগ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১২০৮টির ৭৬-৯৯ শতাংশ, ৬৩৬টির ৫১-৭৫ শতাংশ, ২৬৬টির ২৬-৫০ শতাংশ এবং ২৯৮টির ০১-২৫ শতাংশ। প্রকল্পের গড় অগ্রগতি ৫৬ শতাংশ এবং জুন ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫ হাজার ৭৫৯ কোটি ৪০ লক্ষ টাকা।



**হরিস্বর হাই স্কুল, রাজাহাট, কুড়িগ্রাম**

- ‘নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্পের (মেয়াদ: জানুয়ারি ২০১৮-জুন ২০২৩) প্রাক্কলিত ব্যয় ৫ হাজার ২৩৭ কোটি ৩৭ লক্ষ টাকা। ইতোপূর্বে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে নির্মিত ২/৩/৪/৫/৬ তলা ভিত বিশিষ্ট (৩ হাজার ২শ ৫০টি প্রতিষ্ঠানের) একতলা ভবন এ প্রকল্পের আওতায় বিদ্যমান ফাউন্ডেশনের উপর ভিত্তি করে উর্ধ্বমুখী সম্প্রসারণপূর্বক পূর্ণাঙ্গ ভবন নির্মাণ করা হচ্ছে। এ প্রকল্পের আওতায় আসবাবপত্র সরবরাহ, পয়ঃনিষ্কাশন ও পানি সরবরাহ এবং বজ্রপাত নিরোধক ব্যবস্থা স্থাপনসহ বৈদ্যুতিক কাজ অন্তর্ভুক্ত রয়েছে৷ ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক টয়লেট ব্লক, বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য সহায়ক টয়লেট এবং র‍্যাম্প নির্মাণ করা হচ্ছে। জুন ২০২১ পর্যন্ত ১১শ ৭৯টি শিক্ষা প্রতিষ্ঠানে এ প্রকল্পের শতভাগ কাজ সম্পন্ন হয়েছে। অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১ হাজার ৬টি শিক্ষা প্রতিষ্ঠানের ৭৬-৯৯ শতাংশ, ২শ ৩৯টি শিক্ষা প্রতিষ্ঠানের ৫১-৭৫ শতাংশ, ১শ ১৭টি প্রতিষ্ঠানের ২৬-৫০ শতাংশ এবং ৬৭টি শিক্ষা প্রতিষ্ঠানের অগ্রগতি ১-২৫ শতাংশ। প্রকল্পের গড় অগ্রগতি ৬৮ শতাংশ এবং জুন ২০২১ পর্যন্ত প্রকল্পে ক্রমপুঞ্জিত ব্যয় ২ হাজার ৯৪৭ কোটি ৮৫ লক্ষ টাকা।



আর আর মাধ্যমিক বিদ্যালয়, সদর, মেহেরপুর

- ‘পাইকগাছা কৃষি কলেজ স্থাপন, খুলনা’প্রকল্পের (মেয়াদ: জানুয়ারি ২০১৪- জুন ২০২৩) প্রাক্কলিত ব্যয় ১০১ কোটি ৫৫লক্ষ টাকা। এ প্রকল্পের আওতায় খুলনা জেলার পাইকগাছা উপজেলায় একটি কৃষি কলেজ স্থাপন করা হবে। প্রকল্পের আওতায় ৪তলা ভিতবিশিষ্ট ৪তলা প্রশাসনিক ভবন, ৪তলা ভিতবিশিষ্ট ৪তলা একাডেমিক ভবন, ২শ আসনবিশিষ্ট ছাত্রীনিবাস, ২শ আসনবিশিষ্ট ছাত্রাবাস, শিক্ষক ডরমেটরি, স্টাফ ডরমেটরি, প্রিন্সিপাল কোয়ার্টার মসজিদ এবং ফার্ম হাউজ নির্মাণ-এর কাজ চলছে। জুন ২০২১ পর্যন্ত প্রকল্পেরক্রমপুঞ্জিত গড় অগ্রগতি ৫৫ শতাংশ এবং জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয়৩৮ কোটি ৭৯লক্ষ টাকা।



নির্মাণাধীনপাইকগাছা কৃষি কলেজের ছাত্রীনিবাস

- ‘সদর দপ্তর ও জেলা কার্যালয় স্থাপনের মাধ্যমে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরশক্তিশালীকরণ’ প্রকল্পের (মেয়াদ: জুলাই ২০১৪- জুন ২০২৩) প্রাক্কলিত ব্যয় ৩ শত ৮৩ কোটি ১২ লক্ষ টাকা। এ প্রকল্পের আওতায় ৫তলা ভিতবিশিষ্ট ৫তলা ৩২টি জোনাল অফিস এবং ২টি বেজমেন্ট ফ্লোরসহ ১৩তলা ভিতবিশিষ্ট ১৩তলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান কার্যালয় ভবন নির্মাণ কাজ চলছে। এ প্রকল্পের মাধ্যমে ০৫টি জোনাল অফিসের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ১১টি জোনাল কার্যালয়ের কাজের অগ্রগতি ৭৬-৯৯ শতাংশ; ২টি জোনাল কার্যালয়ের অগ্রগতি ৫১-৭৫ শতাংশ; ৩টি জোনাল কার্যালয়ের অগ্রগতি১০-৫০ শতাংশ; প্রধান কার্যালয় নির্মাণ কাজের অগ্রগতি১২ শতাংশ এবং ০৩টি কার্যালয়ের নির্মাণ কাজ শুরুর পর্যায়ে রয়েছে। প্রকল্পের গড় অগ্রগতি৫৫ শতাংশ এবং জুন ২০২১ সাল পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয়১৩৫ কোটি ৬.২২ লক্ষ টাকা।



- 'মালিগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়, দাউদকান্দি, কুমিল্লা-এর উন্নয়ন' শীর্ষক প্রকল্পের (মেয়াদ: জুলাই ২০১৫-জুন ডিসেম্বর/২০২২) প্রাক্কলিত ব্যয় ১৭ কোটি ১৮ লক্ষ টাকা। এর আওতায় ডেকস্লাবসহ ০১টি ৫তলা ভিতবিশিষ্ট ৫তলা একাডেমিক-কাম-প্রশাসনিক ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। প্রকল্পের গড় অগ্রগতি ৬৫ শতাংশ এবং জুন ২০২১ পর্যন্ত প্রকল্পেরক্রমপুঞ্জিত ব্যয় ৮ কোটি ০৩ লক্ষ টাকা।



প্রকল্পভুক্ত নির্মাণাধীন মালিগাঁও উচ্চ বিদ্যালয়ের৫তলা একাডেমিক কাম প্রশাসনিক ভবন

- 'কুমিল্লা জেলার লালমাই ডিগ্রি কলেজের অবকাঠামো উন্নয়ন' প্রকল্পের (মেয়াদ: জানুয়ারি ২০১৬-ডিসেম্বর ২০২১) প্রাক্কলিত ব্যয় ২৪ কোটি ৭৮ লক্ষ টাকা। প্রকল্পের আওতায় ৫তলা ভিতবিশিষ্ট ৫তলা মাল্টিপারপাস ভবন, ৫তলা ভিতবিশিষ্ট ৩তলা একাডেমিক ভবন, ৭৫ আসনবিশিষ্ট ছাত্রীনিবাস, ৫০ আসনবিশিষ্ট ছাত্রাবাস এবং অধ্যক্ষ্যের বাসভবন নির্মাণ কাজ অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পের সকল অংশের কাজ শতভাগ সমাপ্ত হয়েছে এবং জুন ২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১৮ কোটি ৪০ লক্ষ টাকা।



**লালমাই ডিগ্রি কলেজ, কুমিল্লা**

- 'সুনামগঞ্জ জেলার তিনটি বেসরকারি কলেজের অবকাঠামো উন্নয়ন' প্রকল্পের (মেয়াদ: অক্টোবর ২০১৬-ডিসেম্বর ২০২১) প্রাক্কলিত ব্যয় ১৮ কোটি ৪৬ লক্ষ টাকা। প্রকল্পের আওতায় ৩টি ৫তলা ভিতবিশিষ্ট ৫তলা একাডেমিক কাম মাল্টিপারপাস ভবন নির্মাণ কাজঅব্যাহত রয়েছে। প্রকল্পের গড় অগ্রগতি ৭৬ শতাংশ এবং জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১১ কোটি ১৬ লক্ষ টাকা।

- 'মাদারীপুর জেলার সদর উপজেলার সৈয়দ আবুল হোসেন কলেজ এর অবকাঠামো উন্নয়ন' শীর্ষক প্রকল্পের (মেয়াদ: নভেম্বর ২০১৬-ডিসেম্বর ২০২১) প্রাক্কলিত ব্যয় ৩২ কোটি ২১ লক্ষ টাকা। প্রকল্পের আওতায় ৫তলা ভিতবিশিষ্ট ৫তলা ২টি একাডেমিক ভবন, ১শ ৫০ শয্যাবিশিষ্ট ১টি ছাত্রাবাস এবং ১শ ৫০ শয্যাবিশিষ্ট একটি ছাত্রীনিবাস নির্মাণ কাজ চলছে। প্রকল্পের গড় অগ্রগতি ৭৫ শতাংশ এবং জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ২০ কোটি ৪৭ লক্ষ টাকা।



নির্মাণাধীন সৈয়দ আবুল হোসেন কলেজের৫তলা ভিতবিশিষ্ট ৫তলা ২টি একাডেমিক ভবন

- 'বীরশ্রেষ্ঠ মুন্সি আবদুর রউফ পাবলিক কলেজ, বিজিবি হেড কোয়াটার, ঢাকা এর অবকাঠামো উন্নয়ন' প্রকল্পের (মেয়াদ: জুলাই ২০১৭-জুন ২০২২) প্রাক্কলিত ব্যয় ২০ কোটি ৯৭ লক্ষ টাকা। প্রকল্পের আওতায় ১০তলা ভিতবিশিষ্ট ১০ তলা একাডেমিক ভবন নির্মাণ করা হচ্ছে। প্রকল্পের গড় অগ্রগতি ১৭ শতাংশ এবং জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয়৪ কোটি টাকা।

- 'গোপালগঞ্জ, মাদারীপুর ও রাজবাড়ী জেলায় তিনটি বেসরকারি কলেজের অবকাঠামো উন্নয়ন' প্রকল্পের (মেয়াদ: জুলাই ২০১৮-ডিসেম্বর ২০২১) প্রাক্কলিত ব্যয় ৩২ কোটি ৭২লক্ষ টাকা। এর আওতায় ২টি ৫তলা ভিতবিশিষ্ট ৫তলা প্রশাসনিক কাম একাডেমিক ভবন ও ২৫০ আসন বিশিষ্ট ১টি ছাত্রাবাস নির্মাণ করা হবে।প্রকল্পের গড় অগ্রগতি ৪৪ শতাংশ এবং জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয়৬ কোটি ৯৫ লক্ষ টাকা।

- 'মিলিটারি কলেজিয়েট স্কুল খুলনা-এর অবকাঠামো উন্নয়ন' প্রকল্পের (মেয়াদ: অক্টোবর ২০১৮-জুন ২০২৩) প্রাক্কলিত ব্যয় ৪৯ কোটি ৮৩ লক্ষ টাকা। প্রকল্পের আওতায় ৪৭৬ আসনবিশিষ্ট ছাত্রীনিবাস, ৮তলা ভিতবিশিষ্ট ৮তলা টিচার্স কোয়ার্টারনির্মাণ করা হবে। প্রকল্পের গড় অগ্রগতি ২০ শতাংশ এবং জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৯ কোটি ৪০ লক্ষ টাকা।

- 'নোয়াখালী, কুমিল্লা ও ফেনী জেলার দু-টি সরকারি এবং দু-টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়ন' প্রকল্পের (১ম সংশোধিত) মেয়াদ: অক্টোবর ২০১৮-জুন ২০২২। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৫০ কোটি ০৪ লক্ষ টাকা। প্রকল্পে ৫তলা ভিতবিশিষ্ট ৫তলা মাল্টিপারপাস ভবন, বিদ্যমান ভবনের আনুভূমিক ও উর্ধ্বমুখী সম্প্রসারণ,

- ২টি ভবনের মেরামতসহ আধুনিকায়ন অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পের গড় অগ্রগতি৪৭ শতাংশ এবং জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৬ কোটি ৪৯ লক্ষ টাকা।



সোমপাড়া উচ্চ বিদ্যালয়, চাটখীল, নোয়াখালী

- 'শেখ রাসেল উচ্চ বিদ্যালয়, সদর, গোপালগঞ্জ ও শেরে বাংলা বালিকা মহাবিদ্যালয় সূত্রাপুর, ঢাকা-এর অবকাঠামো উন্নয়ন' শীর্ষকপ্রকল্পের (মেয়াদ: জুলাই ২০১৮-জুন ২০২৩) প্রাক্কলিত ব্যয় ৭১ কোটি ১লক্ষ টাকা। প্রকল্পের আওতায় ৬তলা ভিতবিশিষ্ট ৬তলা একাডেমিক-কাম-প্রশাসনিক ভবন, ১০তলা ভিতবিশিষ্ট ১০তলা একাডেমিক-কাম- প্রশাসনিক ভবন, ১শ আসন বিশিষ্ট হোস্টেল এবং ৪তলা ভিত বিশিষ্ট ৪তলা শিক্ষক ডরমেটরি নির্মাণ করা হচ্ছে। প্রকল্পের গড় অগ্রগতি ১৯ শতাংশ এবং জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয়৬ কোটি টাকা।

- 'নির্বাচিত নয়টি সরকারি কলেজেরঅবকাঠামো উন্নয়ন' প্রকল্পের (মেয়াদ: অক্টোবর ২০১৮-জুন ২০২৩) প্রাক্কলিত ব্যয় ৬২৯ কোটি ৭৩লক্ষ টাকা। প্রকল্পে ৯টি একাডেমিক-কাম-প্রশাসনিক ভবন, ৫টি ছাত্রাবাস, ৩টি ছাত্রীনিবাস, ৬টি ডরমেটরি (পুরুষ), ৬টি ডরমেটরি (মহিলা), ক্যাফেটরিয়া, জিমনেসিয়াম, অডিটরিয়াম, লাইব্রেরি, প্রিন্সিপাল কোয়ার্টার মসজিদসহ ৪২টি ভবন নির্মাণ করা হবে। প্রকল্পের গড় অগ্রগতি ৭ শতাংশ এবং জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১৭ কোটি ৮০ লক্ষ টাকা।

- ' ঢাকা, মাদারীপুর ও রংপুর জেলার ০৩টি কলেজের অবকাঠামো উন্নয়ন' প্রকল্পের (মেয়াদ: ডিসেম্বর ২০১৯- জুন ২০২২) প্রাক্কলিত ব্যয় ৮৮ কোটি ৫৭.০০ লক্ষ টাকা। প্রকল্পে ০৩টি একাডেমিক ভবন, ০২টি ছাত্রী নিবাস, ০১টি শিক্ষক ডরমেটরি, ০১টি বিজ্ঞান ভবন এবং ০১টি অধ্যক্ষের বাসভবন নির্মাণ করা হবে।প্রকল্পের গড় অগ্রগতি ৫%।

- "কিশোরগঞ্জ জেলার হাওড় এলাকার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়ন" প্রকল্পের (মেয়াদ-জানুয়ারি/২০২০ হতে ডিসেম্বর ২০২২) প্রাক্কলিত ব্যয় ৩৯৩.৪১ লক্ষ টাকা। সর্বমোট২৫টি শিক্ষা প্রতিষ্ঠানে ২৫টি একাডেমিক ভবন, ৮টি ছাত্রীনিবাস এবং ৪টি ছাত্রাবাস নির্মাণ করা হবে। আর্থিক অগ্রগতি২ কোটি টাকা এবং বাস্তব অগ্রগতি ৫%।

- হাওড় এলাকার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের (মেয়াদ-জানুয়ারি/২০২০ হতে ডিসেম্বর ২০২২) প্রাক্কলিত ব্যয় ৯৪৪ কোটি ৮০ লক্ষ টাকা। সর্বমোট৩১টি শিক্ষা প্রতিষ্ঠানে ২৭টি একাডেমিক

ভবন, ৩০টি ছাত্রীনিবাস এবং ২২টি ছাত্রাবাস এবং ১টি শিক্ষক ডরমেটরী নির্মাণ করা হবে।প্রকল্পের ক্রমপূঞ্জীভূত ব্যয় ২ কোটি টাকা এবং বাস্তব অগ্রগতি ৫%।